

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৮৬/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ১০ জানুয়ারি, বুধবার ২০২৪, ২৬ পৌষ ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। আজ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস
- ০২। গণভবনে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানালেন বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণ
- ০৩। নবনির্বাচিত সংসদ সদস্যদের গেজেট প্রকাশ; আজ নবনির্বাচিত এমপি ও কাল নতুন মন্ত্রিসভার শপথ
- ০৪। বিশ্বসেরা তালিকায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৩৯২ গবেষক

০১। আজ বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস

আজ ১০ জানুয়ারি, বুধবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস। পাকিস্তানের বন্দীদশা থেকে মুক্তি পেয়ে ১৯৭২ সালের এদিন তিনি সদ্য স্বাধীন বাংলাদেশের মাটিতে প্রত্যাবর্তন করেন। দীর্ঘ ৯ মাস কারাভোগের পর পাকিস্তানের কারাগার থেকে তিনি এর আগে ৮ জানুয়ারি মুক্তি লাভ করেন। পরে তিনি পাকিস্তান থেকে লন্ডন-যান এবং দিল্লী হয়ে ঢাকা ফেরেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ, দৈনিক সবুজ ও আজকের বাংলাদেশ।

০২। গণভবনে প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানানোর বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণ

৭ জানুয়ারির নির্বাচনে টানা চতুর্থবার নিরঙ্কুশ বিজয়ের পর প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূতরা। মঙ্গলবার (০৯ জানুয়ারি) প্রধানমন্ত্রীর প্রেস উইং এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, গণভবনে বাংলাদেশে নিযুক্ত জাপান, থাইল্যান্ড, ভিয়েতনাম, আর্জেন্টিনা, ইন্দোনেশিয়া, রিপাবলিক অফ কোরিয়া, ব্রুনেই দারুসসালাম, মালয়েশিয়া, মিশর, আলজেরিয়া, কুয়েত, লিবিয়া, ইরান, ইরাক, ওমান, কাতার, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত ও ফিলিস্তিনের রাষ্ট্রদূতরা আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী হওয়ায় প্রধানমন্ত্রীকে স্ব স্ব দেশের পক্ষ থেকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানান তারা। এ সময় রাষ্ট্রদূতরা তাদের দেশের রাষ্ট্র ও সরকার প্রধানদের অভিনন্দন বার্তা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পৌঁছে দেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৩। নবনির্বাচিত সংসদ সদস্যদের গেজেট প্রকাশ; আজ নবনির্বাচিত এমপি ও কাল নতুন মন্ত্রিসভার শপথ

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নির্বাচিত ২৯৮ সংসদ সদস্যের তালিকা বিবরণসহ গেজেট আকারে প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। ইসির পরিচালক (জনসংযোগ) শরিফুল আলম বাসসকে জানান, মঙ্গলবার (০৯ জানুয়ারি) বিকেলে গেজেট প্রকাশ করা হয়েছে। এদিকে আজ বুধবার (১০ জানুয়ারি) নতুন সংসদ সদস্যরা (এমপি) শপথ নেবেন। আর নতুন মন্ত্রিসভার সদস্যরা আগামীকাল বৃহস্পতিবার (১১ জানুয়ারি) শপথ নেবেন। মঙ্গলবার বিকেলে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন সাংবাদিকদের জানান, বৃহস্পতিবার সন্ধ্যা সাড়ে আটটা বঙ্গভবনে নতুন মন্ত্রিসভার সদস্যদের শপথের জন্য আমরা প্রস্তুতি নিচ্ছি। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ ও দৈনিক সবুজ।

০৪। বিশ্বসেরা তালিকায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৩৯২ গবেষক

আন্তর্জাতিক গবেষক ও বিশ্ববিদ্যালয় র‍্যাঙ্কিং প্রকাশক সংস্থা 'আলপার ডগার (এডি) সাইন্টিফিক ইনডেক্স' সম্প্রতি বিশ্বসেরা গবেষকদের তালিকা প্রকাশ করেছে। এ তালিকায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ৩৯২ জন গবেষক জায়গা করে নিয়েছেন। জানা যায়, প্রকাশিত ওয়ার্ল্ড সায়েন্টিস্ট র‍্যাংকিং-২০২৪ এ বিশ্বসেরা গবেষকদের তালিকায় বাংলাদেশের ২০৪ টি বিশ্ববিদ্যালয়ের ১০ হাজার ৩৩ জন গবেষক স্থান পেয়েছেন। এর মধ্যে বাকৃবির বিভিন্ন বিভাগের ৩৯২ জন গবেষক জায়গা করে নিয়েছেন। র‍্যাঙ্কিং তালিকায় এ বছর দেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে বাকৃবির অবস্থান চতুর্থ। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক সবুজ:** দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন শেষ হয়েছে। মোটামুটি শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন সম্পন্ন হয়েছে। রাজনৈতিক ডামাডোল থেকে বেরিয়ে এসে এখন অর্থনীতির দিকে নজর দেওয়া প্রয়োজন। নতুন সরকার অর্থনৈতিক বিষয়ে কি পদক্ষেপ নেয়, সেটা এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ ভাবনা।
- (খ) **আজকের বাংলাদেশ:** প্রতিবছরই দেখা যায়, রোজার মাসের আগে আগে বাজার অস্থির হয়ে যায়। ব্যবসায়ীদের বিভিন্ন সিন্ডিকেট দাম বাড়ানোর জন্য নানা অপতৎপরতা শুরু করে দেয়। তাই বাজার নিয়ন্ত্রণে সরকারের সংশ্লিষ্ট সংস্থাগুলোর আগেভাগেই তৎপর হওয়া প্রয়োজন। একই সঙ্গে সিন্ডিকেট বাজি ও মজুতদারদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিতে হবে।
- (গ) **দৈনিক নিউ টাইমস:** বাংলাদেশের মোট জনসংখ্যার এক তৃতীয়াংশ তরুণ। এদেশের কর্মসংস্থানে তরুণদের ভূমিকা অসামান্য। কিন্তু তাও ক্রমেই বেড়ে চলছে বেকারদের সংখ্যা। যুব সমাজকে বেকারত্বের অভিশাপ ও অপবাদ থেকে মুক্ত করতে এবং বেকারত্বের ভারী বোঝা জনগণের কাঁধ থেকে তুলতে হলে জনগণের পাশাপাশি সরকারকেও এগিয়ে আসতে হবে। সূত্র: দৈনিক আজকের ময়মনসিংহ।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। নারীদের জন্য নতুন সরকারের কাছে প্রত্যাশা- ড. জেবউননেছা। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।
- ০২। নেতৃত্বের মহিমায় উন্নয়নের শীর্ষে আরোহণ করবে বাংলাদেশ-ড. মিল্টন বিশ্বাস। সূত্র: দৈনিক সজন।

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।